

## বেনাপোল বন্দরে স্ক্যানার স্থাপন করলো এনবিআর

- A Monitor Desk Report

Date: 18 November, 2024



**যশোর:** বেনাপোল বন্দরে নতুন কার্গো টার্মিনাল স্থাপনের প্রেক্ষিতে আমদানি-রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বেনাপোল বন্দরে একটি মোবাইল কন্টেইনার স্ক্যানার স্থাপন করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

রবিবার (১৭ নভেম্বর)এনবিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘বাণিজ্য সহজীকরণ, পণ্য খালাসের সময় হ্রাসকরণ এবং চোরাচালান রোধকল্পে আমদানি-রপ্তানি কার্যক্রমে বাংলাদেশ কাস্টমস কর্তৃক দেশের বিভিন্ন বন্দর ও ল্যান্ড কাস্টমস স্টেশনে ফিক্সড কন্টেইনার স্ক্যানার এবং মোবাইল কন্টেইনারসহ বিভিন্ন প্রকার ডিভাইস ব্যবহার করা হয়। এনবিআরের তত্ত্বাবধানে বর্তমানে বেনাপোল বন্দরে ফিক্সড কন্টেইনার স্ক্যানার স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

গত ১৪ নভেম্বর বেনাপোল বন্দরে নতুন নির্মিত কার্গো টার্মিনাল উদ্বোধন ও পরিদর্শনকালে নৌপরিবহণ মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন অবিলম্বে বেনাপোল বন্দরে স্ক্যানার স্থাপনের নির্দেশনা প্রদান করেন। তদপ্রেক্ষিতে এবং ফিক্সড কন্টেইনার স্থাপন সময় সাপেক্ষ বিধায় উক্ত কার্যক্রম সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত বেনাপোল বন্দরে নতুন কার্গো টার্মিনাল স্থাপনের প্রেক্ষিতে জাতীয় স্বার্থে পানগাঁও বন্দরে অস্থায়ীভাবে স্থাপিত একটি মোবাইল কন্টেইনার স্ক্যানার বেনাপোল স্থল বন্দরে ইতোমধ্যে স্থাপন করার কার্যক্রম এনবিআর হতে সম্পন্ন করা হয়েছে।

ফলে বেনাপোল স্থল বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমে গতিশীলতা নিশ্চিত করা সম্ভব হবে এবং সম্মানিত ব্যবসায়ীরা দূতমত সময়ের মধ্যে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে পারবে মর্মে এনবিআর আশা প্রকাশ করছে।’

-B

